**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/3/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

**গভর্নর কুওমো পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমের পুরস্কার বিজয়ীদের ঘোষণা করলেন**

***বাফেলোর পূর্ব দিকে 22 টি পূর্ব দিকের বাণিজ্যিক সম্পত্তির মালিকদের সাহায্য করার জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি পুরস্কৃত হয়েছে***

***এই তহবিল মেরামত, সম্প্রসারণ এবং সুবিধাদি বৃদ্ধির জন্য ব্যবহার করা হবে যা চারটি বাণিজ্যিক জেলা কে আরো শক্তিশালী করে তুলবে***

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেন যে পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমের (East Side Commercial District Program) মাধ্যমে করা প্রথম দফার অনুদানের অংশ হিসেবে 1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হয়েছে, যেটি গভর্নর অ্যান্ড্রু এম কুওমোর পূর্ব দিকের করিডোরে অর্থনৈতিক উন্নয়ন তহবিলের (East Side Corridor Economic Development Fund) অংশ। বাফেলোর পূর্ব দিকের চারটি টার্গেট করা বাণিজ্যিক জেলার মধ্যে অবস্থিত বাণিজ্যিক সম্পত্তিতে বাহ্যিক এবং/অথবা অভ্যন্তরীণ মেরামতের জন্য পুরস্কারপ্রাপ্ত বাইশজন ব্যক্তিরা প্রত্যেকে 50,000 মার্কিন ডলার পর্যন্ত তহবিল পাবেন। এখানে বিভিন্ন সম্পত্তির রেন্ডারিং দেখুন।

"আমরা বাফেলোতে টার্গেট করা এবং কৌশলগত বিনিয়োগ করেছি, যা এই অঞ্চল জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি রচনা করেছে," **গভর্নর কুওমো বলেছেন।** "পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমটি আমাদের ব্যাপক দৃষ্টিভঙ্গির অপরিহার্য অংশ, যা আশেপাশের এলাকা পুনরুজ্জীবিত করে এবং শহরের রূপান্তরে ইন্ধন জোগায়।"

"বাফালো বিলিয়ন চালু হওয়ার পর থেকে আমরা প্রতিশ্রুতিবদ্ধ হয়েছি যে প্রতিটি এলাকা যেন বাফেলোর নবজাগরণে অংশ নেয়," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমটি বাফেলোর পূর্ব দিকের এলাকায় বাণিজ্যিক করিডোর পুনরুজ্জীবিত এবং শক্তিশালী করার মাধ্যমে তা করতে সাহায্য করছে। বহু প্রজন্ম ধরে, আমরা শহরের বিভিন্ন এলাকায় অবহেলা এবং বিনিয়োগের অভাব দেখেছি, এবং আমরা মহামারীর পরের ভবিষ্যতের জন্য আরো ভালো ভাবে গড়ে তোলার সাথে এই প্রকল্পগুলো জীবনযাত্রার মান উন্নয়ন করছে এবং সম্প্রদায়গুলিকে রূপান্তরিত করছে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন,** "এই তহবিল এই সকল

সম্পত্তি এবং ব্যবসায়িক মালিকদের জন্য এর চেয়ে ভালো সময়ে আসতে পারত না, যারা মহামারীর আর্থিক বিপর্যয়ের মোকাবেলা করে চলেছে। ঐতিহাসিক ভবনগুলির সংরক্ষণ এবং চারটি মূল পূর্ব দিকের বাণিজ্যিক করিডোরে প্রধান উন্নয়নের তহবিলের মাধ্যমে, এই কার্যক্রমটি প্রবৃদ্ধির সুযোগ বাড়াতে থাকবে।"

**লরেন্স এইচ কুক দ্বিতীয়, জন আর. ওইশেই ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট এবং ইস্ট সাইড এভিনিউ উপদেষ্টা কাউন্সিলের (East Side Avenues Advisory Council) কো-চেয়ারম্যান বলেন,** "পূর্ব দিকের ব্যবসাগুলিতে বিনিয়োগ এখন আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ, তাদের লড়াই করার সুযোগ দিতে এবং তারা যে সকল এলাকায় পরিবেশন করেন তাদের সমর্থন করার জন্য। এই কার্যক্রমের সাফল্যের উপর আমাদের অত্যন্ত আস্থা রয়েছে যেহেতু এটি সম্প্রদায়ের ইনপুটের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে এবং প্রয়োজনীয় সমর্থনগুলি প্রদান করা হয়েছে যাতে নিশ্চিত করা যায় যে ব্যবসায়ী এবং অলাভজনক উভয় প্রতিষ্ঠানই এই বিনিয়োগকে কার্যকরভাবে কাজে লাগাতে পারে।"

**মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমের প্রথম পর্যায় এই 22 জন পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিদের প্রদান করা 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান এই ব্যবসাগুলি এবং সম্পত্তির মালিকদের জন্য একটি দুর্দান্ত সহায়তা হবে যারা সেই সকল শারীরিক উন্নতি প্রকল্প গ্রহণ করতে সক্ষম হবেন যেগুলি তারা নিজেরা সামর্থ্য করতে পারতেন না। COVID-19 মহামারীর হানার আগেই এই পুরস্কারপ্রাপ্তরা এই অনুদানের জন্য আবেদন করেন, তাই মহামারীর অর্থনৈতিক বিপর্যয়ের মুখে এই তহবিল আরো গুরুত্বপূর্ণ। আমি গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই ব্রডওয়ে ফিলমোর, MLK পার্ক, কেনসিংটন বেইলী এবং জেফারসন অ্যাভিনিউ করিডোরগুলিকে এই অনুদানের জন্য অন্তর্ভুক্ত করার জন্য যা বাফালো বিলিয়নের অংশ, একটি উদ্যোগ যা বাফেলো শহরে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বিনিয়োগকে উৎসাহিত করে।"

**সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "এই তহবিল এর চেয়ে ভালো সময়ে আসতে পারত না কারণ এখন ব্যবসায়ীরা এই চলমান মহামারীর বিরুদ্ধে টিকে থাকার জন্য সংগ্রাম করছে। রাজ্যের পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমকে ধন্যবাদ, যার ফলে জেফারসন, ব্রডওয়ে, ফিলমোর এবং বেইলি অ্যাভিনিউ বরাবর বাফালো বিলিয়নের অধীনে ব্যবসাগুলি আমাদের এলাকায় আরো ব্যবসা এবং বাসিন্দাদের আকৃষ্ট করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় উন্নতি এবং উন্নয়ন করতে সক্ষম হবে।"

**সিনেটর টিম কেনেডি বলেন,** "নিউ ইয়র্ক রাজ্য থেকে এই বিনিয়োগ এখন আগের চেয়ে অনেক বেশি প্রয়োজনীয়, কারণ বাফেলো শহর জুড়ে ব্যবসাগুলি COVID-19 মহামারীর প্রভাবগুলি থেকে এখনও বিভ্রান্ত হচ্ছে। এই তহবিলের মাধ্যমে, বেশ কয়েকজন পূর্ব দিকের সম্পত্তির মালিক আমাদের শহরের ঐতিহাসিক ভবন সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সহায়ক সম্পদ পাবেন, এবং অর্থনৈতিক এবং সম্প্রদায়-কেন্দ্রিক উভয় কাজের জন্য নতুন সুযোগ গড়ে তুলতে পারবেন।"

সম্পত্তির মালিকরা তাদের জেলার সম্প্রদায়-ভিত্তিক প্রতিষ্ঠানের মাধ্যমে 2020 সালের জানুয়ারি মাসে তহবিলের জন্য আবেদন করেন। এই সকল প্রতিষ্ঠান- ইউনিভার্সিটি ডিস্ট্রিক্ট কমিউনিটি ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (University District Community Development Association), ব্রডওয়ে ফিলমোর প্রতিবেশী হাউজিং সার্ভিসেস এবং সিটিজেনস অ্যালায়েন্স, ইনকর্পোরেটেড (Broadway Fillmore Neighborhood Housing Services and Citizens' Alliance, Inc), ব্ল্যাক চেম্বার অফ কমার্স অফ WNY (Black Chamber of Commerce of WNY)-এর সাথে যৌথভাবে জেফারসন, ফিলমোর, ব্রডওয়ে এবং বেইলী অ্যাভিনিউ বরাবর চারটি বাণিজ্যিক জেলার ভবন ও ব্যবসায়িক মালিকদের পাঁচ বছরে 500,000 মার্কিন ডলার অনুদান প্রদান করবে। গ্রান্টিদের 15 শতাংশের অবদান রাখতে হবে। কার্যক্রমের প্রচার এবং অ্যাপ্লিকেশন পর্যালোচনা সম্প্রদায়-ভিত্তিক প্রতিষ্ঠান দ্বারা তত্ত্বাবধান করা হয়।

তহবিলের এই পর্যায়ে প্রকল্পগুলোর মধ্যে রয়েছে বাণিজ্যিক স্থান সম্প্রসারণ বা পুনরায় সক্রিয় করা (অর্থাৎ নতুন সাইনবোর্ড, আলোকসজ্জা, স্টোরফ্রন্ট জানালা বড়ো করা, জানালার আউনিংস, বাহ্যিক রঙ করা এবং ফাসাডের কাজ, এবং নতুন প্রবেশদ্বার এবং দরজা); মূল, ঐতিহাসিক ভবনের বৈশিষ্ট্যগুলি বৃদ্ধি করা (অর্থাৎ উন্মোচন/মেরামতের মতো রাজমিস্ত্রির কাজ, পাথর এবং কাঠের কাজ এবং মূল জানালা খোলা); এবং স্বাস্থ্য এবং নিরাপত্তা অবস্থার উন্নতি (অর্থাৎ ছাদ, শক্তি দক্ষতা, নিরাপত্তা, এবং যান্ত্রিক ব্যবস্থা মেরামত)।

পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমের পুরস্কার বিতরণ এখানে পাওয়া যাবে।

পূর্ব দিকের বাণিজ্যিক জেলা কার্যক্রমটি গভর্নর কুওমোর পূর্বে ঘোষিত 65 মিলিয়ন মার্কিন ডলারের পূর্ব দিকের করিডোরের অর্থনৈতিক উন্নয়ন তহবিলের একটি উদ্যোগ, যা বাফালো বিলিয়ন দ্বিতীয় উদ্যোগের (Buffalo Billion II initiative) অংশ। এটি ঐতিহাসিক ভবন সংরক্ষণ, প্রতিবেশী সম্পদে প্রধান উন্নয়নের তহবিল, এবং এই এলাকায় বাণিজ্যিক সুযোগ সম্প্রসারণের মাধ্যমে ঐতিহ্যবাহী প্রধান সড়ক এবং বাণিজ্যিক করিডোর পুনরুজ্জীবিত করতে সাহায্য করার উদ্দেশ্যে করা হয়েছে।

পূর্ব দিকের অ্যাভিনিউগুলি তহবিলের পরিপূরক হিসেবে সম্প্রদায়ভিত্তিক প্রতিষ্ঠানগুলির ধারণক্ষমতা বৃদ্ধি, কার্যক্রমের ডিজাইন এবং বিকাশের সাথে প্রশিক্ষণ এবং অন্যান্য প্রতিষ্ঠানিক সহায়তা প্রদান করে। পূর্ব দিকের অ্যাভিনিউ প্রকল্পের (East Side Avenues' Project) বাস্তবায়ন দল এবং কনসাল্টিং পার্টনারদের সাথে কাজ করে, প্রতিষ্ঠানগুলো বোর্ড এবং প্রাতিষ্ঠানিক ক্ষমতার মূল্যায়ন করেছে; কর্ম পরিকল্পনার নির্মাণ এবং অনুদান কার্যক্রমের বাস্তবায়নে সহায়তা করার জন্য অতিরিক্ত কর্মী নিয়োগ করা হয়েছে।

**ইস্ট সাইড এভিনিউজ সম্পর্কে**

নিউ ইয়র্ক রাজ্যের 65 মিলিয়ন মার্কিন ডলারের পূর্ব দিকের করিডোরের অর্থনৈতিক উন্নয়ন তহবিলকে কাজে লাগানোর বিশাল সুযোগ উপলব্ধি করে বেসরকারি ও জনহিতকর প্রতিষ্ঠানগুলো পরিচালনা, কর্মসূচী, ধারণক্ষমতা ভবন এবং সম্প্রদায়িক পরিকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য 8 মিলিয়ন মার্কিন ডলারের পূর্ব দিকের যৌথ তহবিল গঠন করে। পূর্ব দিকের অ্যাভিনিউ বাফেলোর

পূর্ব দিকে অর্থনৈতিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে পুনরুজ্জীবন কার্যক্রমের পরিকল্পনা এবং সমন্বয় করার জন্য এই সরকারি ও বেসরকারি তহবিল প্রদানকারী, সম্প্রদায় অলাভজনক, অ্যাংকর প্রতিষ্ঠান, কনসাল্ট্যান্ট এবং শহরকে একত্রিত করে। বাফেলো আঞ্চলিক ইনস্টিটিউটে বিশ্ববিদ্যালয়ের (University at Buffalo Regional Institute, UBRI) নেতৃত্বে পূর্ব দিকের অ্যাভিনিউ প্রজেক্ট বাস্তবায়ন দল (East Side Avenues Project Implementation Team, PIT) পরিকাঠামো, কর্মী এবং তহবিলের মত যথাযথ সমর্থন নিশ্চিত করে প্রতিষ্ঠানিক ধারণক্ষমতা গড়ে তোলার জন্য কাজ করছে; কৌশলগত পরিকল্পনা, প্রোগ্রাম ডিজাইন এবং সমস্যা সমাধানে সহায়তা করা; এবং অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন করা। বাফেলো আঞ্চলিক ইনস্টিটিউটে বিশ্ববিদ্যালয় বাফেলো স্কুল অফ আর্কিটেকচার এন্ড প্ল্যানিং বিশ্ববিদ্যালয়ের (University at Buffalo School of Architecture and Planning) একটি গবেষণা কেন্দ্র। পূর্ব দিকের সহযোগী তহবিল (East Side Collaborative Fund) গ্রেটার বাফেলো সাম্প্রদায়িক ফাউন্ডেশন (Community Foundation for Greater Buffalo) দ্বারা পরিচালিত হয়।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও গভর্নর কুওমোর রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসির (I LOVE NY)," মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD, রাজ্যের বিখ্যাত পর্যটন ব্র্যান্ড। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন